

২০১৭

বাংলা

প্রথম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

১। (ক) চর্যাপদের ছয়জন পদকর্তার নাম লেখো।

(খ) চর্যাপদের যে-কোনো ছয়টি পদের প্রথম চরণটি লেখো।

(গ) চর্যাপদগুলিতে পদকর্তাদের যে সৌন্দর্য চেতনার রূপায়ন ঘটেছে তা বিচার করো।

৩+৩+১০

অথবা

(ক) পাঁচজন চৈতন্যজীবনীকার ও তাঁদের রচিত চৈতন্যজীবনী গ্রন্থগুলির নামোল্লেখ করো।

(খ) যে-কোনো একটি চৈতন্যজীবনী গ্রন্থের বিস্তৃত পরিচয় দাও। ৫+১১

২। (ক) কবিকঙ্কণ মুকুন্দের পরিচয় দাও।

(খ) তাঁর রচিত চণ্ডীমঙ্গলের কালকেতু উপাখ্যানের কাব্যমূল্য বিচার করো।

৫+১১

অথবা

ভারতচন্দ্রের কবিকৃতিত্বের পরিচয় দাও। ১৬

৩। চণ্ডীদাস, জ্ঞানদাস ও গোবিন্দদাস অবলম্বনে বৈষ্ণবপদসাহিত্যের কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১৮

অথবা

টীকা লেখো (যে কোনো তিনটি) : ৩×৬

(ক) ব্রজবুলি

(খ) মালাধর বসু

(গ) বিজয় গুপ্ত

(ঘ) শ্রীকৃষ্ণসন্দর্ভ

(ঙ) রামেশ্বর

(চ) আরাকান রাজসভা

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

৪। বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান পর্যালোচনা করো। ১৬

অথবা

বঙ্কিমচন্দ্রকে বাংলা উপন্যাস সাহিত্যের জনক বলা কতটা যুক্তিসঙ্গত-আলোচনা করো। ১৬

৫। প্রথম যুগের বাংলা নাটক ও রঙ্গমঞ্চ বিষয়ে একটি নাতিদীর্ঘ নিবন্ধ লেখো। ১৬

অথবা

বাংলা প্রবন্ধসাহিত্যে ভূদেব মুখোপাধ্যায় অথবা রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর কৃতিত্বের পরিচয় দাও। ১৬

৬। বাংলা ছোটগল্প সৃষ্টিতে রবীন্দ্রনাথের ভূমিকা পর্যালোচনা করো। ১৮

অথবা

টীকা লেখো (যে-কোনো তিনটি) :

৩×৬

(ক) সংবাদ প্রভাকর

(খ) কল্লোল যুগ

(গ) ন্যাশনাল থিয়েটার

(ঘ) হালহেড

(ঙ) স্বর্ণকুমারী দেবী

(চ) শেষের কবিতা